

আনন্দবাজার পত্রিকা



দীপাকে সংবর্ধনা জানালেন বন্ধন ব্যাঙ্কের প্রধান চন্দ্রশেখর ঘোষ। রয়েছেন আগরতলার মেয়র প্রফুল্লজিৎ সিনহা ও দীপার কোচ বিশ্বেশ্বর নন্দী। আদতে ত্রিপুরার মানুষ চন্দ্রশেখরবাবু দীপার হাতে পাঁচ লক্ষ টাকার চেক ও বিভিন্ন উপহার-সামগ্রী তুলে দেন। মঙ্গলবার আগরতলায়। — নিজস্ব চিত্র

দীপাকে সংবর্ধনা চন্দ্রশেখরের

নিজস্ব সংবাদদাতা, আগরতলা, ১৩ সেপ্টেম্বর: অলিম্পিয়ান দীপা কর্মকারকে বন্ধন ব্যাঙ্কের তরফে সম্বর্ধনা দেওয়া হল। রিও অলিম্পিয়ে দীপার অসাধারণ কৃতিত্বের জন্য তাঁর হাতে ব্যাঙ্কের তরফে কয়েকটি স্বারক-সহ পাঁচ লক্ষ এক টাকার একটি চেক তুলে দেন বন্ধন ব্যাঙ্কের কর্ণধার চন্দ্রশেখর ঘোষ। আজ এখানে এক অনুষ্ঠানে চন্দ্রশেখরবাবু বলেন, “আমাদের ব্যাঙ্কের ৯১ লক্ষ গ্রাহক। তাঁরা স্বপ্ন দেখতে ভালবাসেন। আর তাঁদের কাছে দীপা প্রেরণার উৎস হিসেবে কাজ করছেন। সমস্ত বন্ধন পরিবারের পক্ষ থেকে দীপাকে শুভেচ্ছা জানাচ্ছি।”

জিমন্যাস্টিকসে উন্নত প্রশিক্ষণে দীপার জন্য বন্ধনের আর্থিক সাহায্য এখানেই যে খেমে থাকবে না, তেমন ইঙ্গিতও দেন বন্ধন কর্তৃপক্ষ। উন্নত প্রশিক্ষণের জন্য দীপার যদি আরও আর্থিক সাহায্যের প্রয়োজন হয়, বন্ধন ব্যাঙ্ক তাঁর পাশে থাকবে বলে চন্দ্রশেখরবাবু জানান। তিনি বলেন, “আমরা যাঁরা এখন ওর পাশে আসছি, তাঁদের বাদ দিয়েই দীপা শিখরে পৌঁছেছে। এবং এটাই আমাদের গর্বিত করেছে। ত্রিপুরার পাশাপাশি দীপা দেশকেও গর্বিত করেছে। আশা করি, আগামী দিনে দীপা সাফল্যের আরও উচ্চশিখরে পৌঁছবে।” দীপাকে সম্বর্ধনা দেওয়ার পিছনে বন্ধন ব্যাঙ্কের

কর্ণধার আরও একটি দায়বদ্ধতার কথা উল্লেখ করলেন। তিনি বলেন, “আমি ত্রিপুরার বিশালগড়ের সন্তান। মাটির টানে ত্রিপুরায় এসে দীপাকে সম্মান জানাতে পেরে আমি গর্বিত।”

দীপাও আজকের সম্বর্ধনায় আপ্নুত। তাঁর কথায়, “টোকিও অলিম্পিয়ে যাতে আরও ভাল কিছু করতে পারি, তার জন্য আপনাদের আশীর্বাদ চাইছি।”

দীপার প্রশিক্ষক বিশ্বেশ্বর নন্দীও স্বপ্ন দেখতে শুরু করেছেন শিষ্যাকে নিয়ে। তিনি বলেন, “রিওর অভিজ্ঞতা আমাকে বল দীপা তৈরি করতে সাহায্য করবে। এটাই আমার এখনকার চ্যালেঞ্জ।”